গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিটি কর্পোরেশন-১ শাখা)
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর ৪৬.০০.০০০০.০৭০.২৯.০০১.১৭-৪৭৯

তারিখঃ ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১১ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

**পরিপত্র**

**বিষয়ঃ গাজীপুর, খুলনা, বরিশাল, রাজশাহী ও সিলেট সিটি কর্পোরেশন এলাকায় উন্নয়নমূলক প্রকল্প অনুমোদন ও প্রকল্পের অর্থ ছাড় না করা এবং নির্বাচন আচরণ বিধি পরিপন্থি কার্যক্রম গ্রহণ না করা।**

বাংলাদেশ নির্বাচন কমিশন ঘোষিত তফসিল অনুসারে আগামী ২৫ মে ২০২৩ তারিখে গাজীপুর সিটি কর্পোরেশন, ১২ জুন ২০২৩ তারিখে খুলনা ও বরিশাল সিটি কর্পোরেশন এবং ২১ জুন ২০২৩ তারিখে রাজশাহী ও সিলেট সিটি কর্পোরেশনে নির্বাচন অনুষ্ঠিত হবে। উল্লিখিত সিটি কর্পোরেশনসমূহের নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত সিটি কর্পোরেশন (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ প্রতিপালনসহ নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো:

(১) নির্বাচন-পূর্ব সময়ে অর্থাৎ নির্বাচনি তফসিল ঘোষণার তারিখ হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত কোন প্রার্থী বা প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত কোন প্রতিষ্ঠানে প্রকাশ্যে বা গোপনে কোন প্রকার চাঁদা বা অনুদান প্রদান করতে বা অঙ্গীকার করতে পারবেন না;

(২) সিটি কর্পোরেশন নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় কোন প্রার্থী, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কোন সম্পত্তি তথা অফিস, যানবাহন, মোবাইল ফোন, টেলিফোন, ওয়াকিটকি বা অন্য কোন সুযোগ সুবিধা নির্বাচনের কাজে ব্যবহার করতে পারবে না। এমনকি মাশুল প্রদান করেও এগুলো ব্যবহার করা যাবে না;

(৩) সিটি কর্পোরেশনের কোন কর্মকর্তা-কর্মচারীকে কোন অবস্থাতেই নির্বাচনের কাজে ব্যবহার করা যাবে না;

(৪) কোন প্রার্থী সিটি কর্পোরেশনের দরপত্র আহবান, গ্রহণ কিংবা বাতিলের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন না;

(৫) রাজস্ব বা উন্নয়ন তহবিলভুক্ত কোন প্রকল্পের অনুমোদন, ঘোষণা বা ভিত্তিপ্রস্তর স্থাপন কিংবা ফলক উন্মোচন করা যাবে না;

(৬) কোন ব্যক্তি বা গোষ্ঠী বা প্রতিষ্ঠানের অনুকূলে কোন প্রকার অনুদান ঘোষণা বা বরাদ্দ প্রদান বা অর্থ অবমুক্ত করা যাবে না;

(৭) সিটি কর্পোরেশনের মেয়র বা কাউন্সিলর বা অন্য কোন পদাধিকারী সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এলাকায় উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন বা ইতঃপূর্বে অনুমোদিত কোন প্রকল্পে অর্থ অবমুক্ত বা প্রদান করতে পারবেন না;

(৮) নির্বাচনের কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় (সিটি কর্পোরেশনভুক্ত এলাকায়) অনুদান, ভিজিডি, কাবিখা, ত্রাণ বিতরণ সংক্রান্ত কার্যক্রম বা উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন করা যাবে না; এবং

(৯) ইতঃপূর্বে অনুমোদিত কোন প্রকল্পে অর্থ অবমুক্ত বা প্রদান করা একান্ত আবশ্যক হলে জরুরিভিত্তিতে এ বিভাগের মাধ্যমে নির্বাচন কমিশনের সম্মতি গ্রহণ করতে হবে।

২। বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের ০৮ মে ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৯ (অংশ-১)-২৭৫ নম্বর স্মারকমূলে জারিকৃত পত্রের নির্দেশনার আলোকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

১১.০৫.২০২৩

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

বিতরণ: কার্যার্থে
প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর, খুলনা, বরিশাল, রাজশাহী ও সিলেট সিটি কর্পোরেশন।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, নির্বাচন পরিচালনা-২]।
০৪। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন/প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট।
০৬। মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। জেলা প্রশাসক, গাজীপুর, খুলনা, বরিশাল, রাজশাহী ও সিলেট।
০৮। উপসচিব (সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর, খুলনা, বরিশাল, রাজশাহী ও সিলেট জেলা পরিষদ।
১০। পুলিশ সুপার, গাজীপুর, খুলনা, বরিশাল, রাজশাহী ও সিলেট।
১১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ....................................সংশ্লিষ্ট অঞ্চল ও রিটার্নিং অফিসার।